



প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে ব্রিকোলাজ এর মোড়ক উন্মোচন করা হচ্ছে

## প্রিমিয়ার ভার্সিটির অনুষ্ঠানে ড. অনুপম সেন ইংরেজি ভাষার সাহিত্যেই প্রকৃত সৌন্দর্য নিহিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের ৩৯তম ব্যাচের নবীন বরণ ও ৩৩তম ব্যাচের বিদায় গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হাসিনা মহিউদ্দিন ও ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। বিশেষ অতিথি ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। এছাড়া অধ্যাপক রোমানা চৌধুরী, অধ্যাপক সৈয়দ জসিম উদ্দিন ও অধ্যাপক রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা স্কুল ও কলেজে ছিলে, তারপর বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেছো, ইংরেজি বিভাগে ভর্তি হয়েছো। এখন বেরিয়ে যাচ্ছে। আসলে তোমরা জীবনের বৃহৎ ক্ষেত্রে প্রবেশ করছো। তিনি বলেন, ইংরেজি ভাষার সাহিত্যেই এই ভাষার প্রকৃত সৌন্দর্য লুকিয়ে রয়েছে। হাসিনা মহিউদ্দিন বলেন, বাংলা আমাদের মাতৃভাষা। তবু আমি স্বীকার করি, পথ চলতে গিয়ে ও কর্মক্ষেত্রে ইংরেজি ভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা রয়েছে। সুতরাং ইংরেজি ভাষা শিখতে গিয়ে আমরা যেন বাংলা ভাষা ভুলে না যাই। ৩৩তম ব্যাচের শিক্ষার্থী নওশিন তাসনিমা, ইনজামাম খান, তাসকিয়া হক, ঋষি রায়, প্রণব কুমার দে ও সুমাইতা বিনতে মহসিনের সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথিদের বক্তব্যের এক পর্যায়ে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ' এর মোড়ক উন্মোচন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।